# মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ

**রেজিঃ নং-খুলনা-১৯৫৭**

পোঃ-মোংলা পোর্ট, মোংলা, বাগেরহাট।

সূত্রঃ নির্বাচন ১৭/০০১-৪ তারিখঃ ০৮/৪/১৭

## বিজ্ঞপ্তি

**মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘের কার্যনির্বাহী কমিটির ০৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের তফসিল ও বিধিমালাঃ**

১। মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ-এ আগামী ০৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখে কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের দিন সকাল ০৯.০০ ঘটিকায় ভোট গ্রহণ শুরু হবে এবং বিরতিহীনভাবে বিকেল ৩.০০ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ অব্যাহত থাকবে।

২। মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ এর কার্যনির্বাহী কমিটির নির্বাচনে মোট ১৩ টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

৩। (১) সভাপতি ১(এক) জন, (২) কার্যকরী সভাপতি ১(এক) জন, (৩) সহ-সভাপতি ১(এক) জন, (৪) সাধারণ সম্পাদক ১(এক) জন, (৫) অতিরিক্ত সাধারণ সম্পাদক ১(এক) জন, (৬) যুগ্ম সম্পাদক ১(এক) জন, (৭) সাংগঠনিক সম্পাদক ১(এক) জন, (৮)সহ সাংগঠনিক সম্পাদক ১(এক) জন, (৯) দপ্তর সম্পাদক ১ (এক) জন, (১০) প্রচার সম্পাদক সম্পাদক ১ (এক) জন, (১১) কোষাধ্যক্ষ ১ (এক) জন, (১২) সমাজ কল্যাণ সম্পাদক ১ (এক) জন, (১৩) কার্যনির্বাহী সদস্য ১ (এক) জন। মোট ১৩ জন।

৪। নিম্নবর্ণিতভাবে প্রতীক ও মনোনয়ন পত্রের মূল্য নির্ধারণ করা হলোঃ

| ক্র/নং | পদবি | প্রতিক | মনোনয়ন পত্রের মূল্য |
|---|---|---|---|
| ১। | সভাপতি | চেয়ার, হেরিকেন, ছাতা, বটগাছ | ২,০০০/- |
| ২। | কার্যকরী সভাপতি | গোলাপ ফুল, বই, টুপি, কলম | ১,৮০০/- |
| ৩। | সহ-সভাপতি | ডাব, চাঁদ, টেলিভিশন, পাখা | ১,৫০০/- |
| ৪। | সাধারণ সম্পাদক | গরুর গাড়ী, চশমা, মোমবাতি, দোয়াদ কলম | ২,০০০/ |
| ৫। | অতিরিক্ত সাধারণ সম্পাদক | হাতুরী, কবুতর, আম, ঠেলাগাড়ী | ১,৮০০/- |
| ৬। | যুগ্ম সম্পাদক | মাছ, টেবিল, কাঁচি, টেলিফোন | ১,৫০০/- |
| ৭। | সাংগঠনিক সম্পাদক | ফুটবল, পদ্মফুল, মোরগ, জগ | ১,৫০০/- |
| ৮। | সহ সাংগঠনিক সম্পাদক | রেডিও, মোবাইল, তারা, তালা | ১,২০০/- |
| ৯। | দপ্তরসম্পাদক | দেয়াল ঘড়ি, মই, আলমারী | ১,০০০/- |
| ১০। | প্রচার সম্পাদক | বাস, খেজুর গাছ, কোদাল, গাভী | ১,০০০/- |
| ১১। | কোষাধ্যক্ষ | শাপলা ফুল, বাঘ, হরিণ, সিংহ | ১,০০০/- |

৮/৪/১৭

# মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ

**রেজিঃ নং-খুলনা-১৯৫৭**

পোঃ-মোংলা পোর্ট, মোংলা, বাগেরহাট।

সূত্রঃ

তারিখঃ

| | | | |
|---|---|---|---|
| ১২। | সমাজ কল্যাণ সম্পাদক | সাইকেল, কলস, মগ, বালতি | ১,০০০/- |
| ১৩। | কার্যনির্বাহী সদস্য | রিক্সা, ট্রাক, পতাকা, হাত ঘড়ি, তাল | ১,০০০/- |

বর্ণিত প্রতীকের অতিরিক্ত প্রার্থী হলে নির্বাচন পরিচালনা কমিটি প্রতীক নির্ধারণ করবেন। একই প্রতীক একাধিক প্রার্থী পাওয়ার জন্য দাবী করলে লটারীর মাধ্যমে নির্ধারণ করা হবে।

৫। এ নির্বাচনে ভোট গ্রহণের জন্য মোংলা বন্দর মাধ্যমিক বিদ্যালয়, মোংলা, পোর্ট ক্লাব, খালিশপুর, খুলনা, ঢাকা লিয়াজো অফিস, সেগুন বাগিচা, ঢাকা ও হিরণ পয়েন্ট রেষ্ট হাউজে ভোট কেন্দ্র স্থাপন করা হবে এবং উক্ত ভোট কেন্দ্রে ভোট গ্রহণ করা হবে।

৬। মোংলা বন্দর কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত কর্মচারীর তালিকায় যাদের নাম অন্তর্ভূক্ত হবে এবং আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পন্ন করে শ্রম আইনের বিধান মোতাবেক নির্বাচন পরিচালনা কমিটি কর্তৃক প্রকাশিত চুড়ান্ত ভোটার তালিকায় যাদের নাম প্রকাশিত হবে উহাই চূড়ান্ত ভোটার তালিকা বলে গণ্য হবে। কেবলমাত্র চুড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত কর্মচারীগণ ভোট কেন্দ্রের নির্ধারিত বুথে ভোট প্রদান করতে পারবেন।

৭। নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪৮ ঘন্টা পূর্বে ভোট কেন্দ্রের চারপাশে ৫০ (পঞ্চাশ) গজ ব্যাসার্ধে একটি বেষ্টনী (Enclosure) তৈরী করা হবে।

৮। ভোট গ্রহণের ৪৮ ঘন্টা পূর্বে হতে কোন নির্বাচনী প্রচারনা চালানো যাবে না।

৯। ভোট গ্রহণ শুরু হওয়ার কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর পক্ষে লিখিতভাবে একজন করে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন (নিয়োগ পত্রের নমুনা সংযুক্ত)। নিয়োজিত পোলিং এজেন্টদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রিজাইডিং অফিসার খালি বাক্সটি দেখিয়ে বাক্সের মুখ তালাবদ্ধ করে সিলগালা করবেন। অতঃপর তাদের সম্মুখে খালি বাক্সে সিলগালা করা হয়েছে মর্মে উপস্থিত পোলিং এজেন্টদ্বয় প্রিজাইডিং অফিসারের নিকট একটি লিখিত সার্টিফিকেট প্রদান করবেন।

১০। প্রত্যেক প্রতিদ্বন্দ্বি প্রার্থী ভোটারদের মধ্য হতে প্রত্যেক বুথে একজন করে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। নির্বাচনের দিন ভোট গ্রহণ শুরু হবার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রিজাইডিং অফিসারের নিকট নির্ধারিত ফরমে পোলিং এজেন্টদের নিয়োগপত্র দাখিল করতে হবে। পোলিং এজেন্টের নিয়োগ পত্র কোন প্রার্থী কর্তৃক দাখিল না করা হলে কিংবা নিয়োজিত পোলিং এজেন্ট পোলিং বুথে উপস্থিত না থাকলেও ভোট গ্রহণ কার্যক্রম যথারীতি চলবে।

১১। নির্বাচনের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে মোংলা বন্দর কর্তৃপক্ষ প্রত্যেক ভোটারকে ছবি সম্বলিত পরিচয়পত্র প্রদান করবেন। ছবি সম্বলিত পচিয়পত্র ব্যতিত কোন ভোটার ভোট প্রদান করতে পারবেন না।

১২। ভোট গ্রহণের সময় ভোটারগণ সারিবদ্ধভাবে শৃঙ্খলার সাথে ভোট কেন্দ্রের পোলিং বুথে প্রবেশ করবেন। ভোটারগণ ভোট দানের সময় পোলিং অফিসারের নিকট ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচয়পত্র পেশ

০৮/৪/১৭

# মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ

**রেজিঃ নং-খুলনা-১৯৫৭**

পোঃ-মোংলা পোর্ট, মোংলা, বাগেরহাট।

সূত্রঃ তারিখঃ

করবেন। পোলিং অফিসার ভোটারের পরিচিতি সম্পর্কে নিশ্চিত হয়ে ছবি সম্বলিত পরিচয় পত্রের উপর '' ব্যালট পেপার ইস্যুড'' সিল দিয়ে তার নিকট রেখে দেবেন এবং প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসার সংশ্লিষ্ট ভোটারকে একখানা ব্যালট পেপার প্রদান করবেন ( ভোট গণনা শেষে পরিচয় পত্র ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট ফেরৎ দেয়া হবে)। ব্যালট পেপার গ্রহণকারী ভোটার প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসারের নিকট হতে গ্রহণকৃত ব্যালট পেপারের নির্দিষ্ট প্রতীকের ডান পার্শ্বে চতুস্কোন খালি জায়গায় কিংবা প্রতীকের উপরে পর্দা ঘেরা ঘরে গোপনীয়ভাবে প্রদত্ত নির্ধারিত সীলের ছাপ দেবেন। অতঃপর ব্যালট পেপারখানা লম্বালম্বিভাবে ভাঁজ করবেন যাতে ভোটারের পছন্দমত প্রতীকে দেয়া সিলের ছাপ অন্য কোন প্রতীকের ঘরে না পরে। ভাঁজ করা ব্যালট পেপার পর্দা ঘেরা ঘরের বাহিরে এসে প্রিজাইডিংঅফিসার/সহকারী প্রিজাইডিং অফিসারের সম্মুখে রক্ষিত ব্যালট বাক্সের নির্দিষ্ট ছিদ্র পথে ব্যালট বাক্সে ফেলবেন এবং বুথ পরিত্যাগ করবেন।

১৩। আগামী ০৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে বিরতিহীনভাবে বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। ভোট গ্রহণের জন্য নির্দিষ্ট সময় শেষ হবার সঙ্গে সঙ্গে পোলিং বুথের বেষ্টনী সন্নিহিত গেট বন্ধ করে দেয়া হবে। ভোট গ্রহণের জন্য নির্দিষ্ট সময়ে পর বেষ্টনীর মধ্যে ভোট প্রদানের জন্য কাউকে প্রবেশ করতে দেয়া হবে না। তবে ভোট গ্রহণের নির্দিষ্ট সময়ের মধ্যে ভোট প্রদানের উদ্দেশ্যে যারা বেষ্টনীর মধ্যে প্রবেশ করবেন তাদের ভোট নির্দিষ্ট সময়ের পরও গ্রহণ করা যাবে।

১৪। উপরে বর্ণিত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত একজন ভোটার প্রত্যেকটি পদে একটি করে ভোট প্রদান করতে পারবেন।

১৫। কোন নির্দিষ্ট বুথের আওতাধীন ভোটারকে উক্ত বুথের জন্য গৃহীত ব্যালট পেপার নির্দিষ্ট বুথেই রক্ষিত ব্যালট বাক্সে ফেলতে হবে। উক্ত ব্যালট পেপার অন্য কোন বুথের বাক্সে পাওয়া গেলে তা বাতিল বলে গণ্য হবে।

১৬। ব্যালট পেপারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগনের যে কোন একটি নির্বাচনী প্রতীক সম্বলিত ঘরের ডান পার্শ্বে ফাঁকা জায়গায় বা প্রতীকের উপরে ছাপ দিতে হবে। কোন কারণে নির্দিষ্ট স্থানে যথাযথভাবে সিলের ছাপ না পড়লে যে প্রতীকের দিকে অর্ধেকের বেশী সিলের ছাপ পড়বে সে প্রতীকে ভোট প্রদান করা হয়েছে বলে গন্য হবে। একাধিক প্রতীকের পক্ষে সিল দিলে বা স্বাক্ষর ইত্যাদি প্রদান করলে উক্ত ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

১৭। ভোট গ্রহণ পর্ব শেষ হওয়ার পর প্রিজাইডিং অফিসার পোলিং এজেন্টদের সম্মুখে ( যদি কেহ উপস্থিত থাকেন) ব্যালট বাক্স খুলবেন এবং ভোট গণনা করে উহা ফলাফল সীটে লিপিবদ্ধ করবেন। ফলাফল সীটে প্রিজাইডিং অফিসার ও উপস্থিত পোলিং এজেন্টগণ স্বাক্ষর করবেন। কোন পোলিং এজেন্ট স্বাক্ষর করতে অস্বীকার করলে বা ঐ সময় উপস্থিত না থাকলে প্রিজাইডিং অফিসার যথারীতি ফলাফল পত্র প্রস্তুত করবেন। ভোট গননার সময় পোলিং এজেন্ট ব্যতিত অন্য কোন ব্যক্তি উপস্থিত থাকতে পারবেন না। তবে প্রিজাইডিং অফিসার আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার কর্মকর্তা [illegible] এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাউকে উপস্থিত থাকার অনুমতি দিতে পারবেন। ভোট গণনা শেষে [illegible] প্রিজাইডিং অফিসার উপস্থিত বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি ও পোলিং এজেন্টদেরকে সরবরাহ [illegible]।

০৬/৪/১৭

৬/৪/১৭

# মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ

রেজিঃ নং-খুলনা-১৯৫৭

পোঃ-মোংলা পোর্ট, মোংলা, বাগেরহাট।

সূত্রঃ

তারিখঃ

১৮। প্রাপ্ত সমন্বিত ফলাফলের ভিত্তিতে নির্বাচন পরিচালনা কমিটি আইন ও বিধি মোতাবেক সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীগণকে স্ব-স্ব পদে বিজয়ী ঘোষণা করবেন।

১৯। ভোট গ্রহণকালে নির্বাচন সম্পর্কিত কোন বিষয়ে জটিলতা দেখা দিলে প্রিজাইডিং অফিসার তা নিরসনের জন্য তাৎক্ষণিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করবেন। এক্ষেত্রে প্রয়োজনে নির্বাচন পরিচালনা কমিটি ও রেজিষ্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স বা তার প্রতিনিধির মতামত নিয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্ত গ্রহণ করবেন।

২০। ভোট কেন্দ্রের অভ্যন্তরে রাস্তা (যদি থাকে) দিয়ে যে সকল বহিরাগত লোকজন চলাচল করেন ঐ রাস্তা নির্বাচনের ২৪ ঘন্টা পূর্বে থেকে ফলাফল ঘোষণার ৬ ঘন্টা পর পর্যন্ত বন্ধ করে দেয়া হবে। এ ব্যাপারে বন্দর কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২১। ভোট গ্রহণ কেন্দ্র এলাকায় নির্বাচনের নিয়মাবলী ভঙ্গকারী এবং বে-আইনী কার্যকলাপের জন্য অভিযুক্ত ব্যক্তিকে প্রিজাইডিং অফিসার পুলিশের নিকট সোপর্দ করতে পারবেন এবং এ বিষয়ে বাংলাদেশ শ্রম আইন- ২০০৬ এর ১৯৫ এবং ১৯৬ ধারা অনুযায়ী অসৎ শ্রম আচরণে অভিযুক্ত করে উক্ত ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২২। নির্বাচন অনুষ্ঠানের দিন প্রতি কেন্দ্রের জন্য বন্দর কর্তৃপক্ষের অনুমোদিত একজন কর্মকর্তা নির্বাচন পরিচালনা কর্মকর্তাদের সাথে যোগাযোগ রক্ষা করবেন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

২৩। <u>পোস্টার ব্যানার লাগানোঃ</u>

নির্বাচনের ২৪ ঘন্টা পূর্ব হতে মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ এর নিজস্ব এলাকায়/এরিয়ায় নির্ধারিত ভোট কেন্দ্রের মধ্যে কোন পোস্টার বা ব্যানার লাগানো যাবে না। এছাড়া দেয়ালে পোস্টার লাগানো বা দেয়াল লিখন করা যাবে না এবং নির্বাচনী পোস্টারে প্রতীক ব্যতীত অন্য কোন ফটো ব্যবহার করা যাবে না। কোন স্লোগান লেখা যাবে না। পোস্টার রঙ্গিণ করা যাবে না। অন্য কোন কিছুই লেখা যাবে না।

২৪। নির্বাচন পরিচালনা কমিটি প্রয়োজনে এই নির্বাচনী তফসিলের যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫। যুগ্ম শ্রম পরিচালক, খুলনা বিভাগ, খুলনা বা তার প্রতিনিধি এ নির্বাচন সার্বিকভাবে তত্ত্বাবধান করবেন।

তালুকদার আব্দুল খালেক<br>
সংসদ সদস্য<br>
৯৭ বাগেরহাট-৩<br>
ও<br>
চেয়ারম্যান<br>
নির্বাচন পরিচালনা কমিটি<br>
মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ<br>
(রেজিঃ নং-খুলনা-১৯৫৭)<br>
মোংলা, বাগেরহাট।

# মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ

**রেজিঃ নং-খুলনা-১৯৫৭**

পোঃ-মোংলা পোর্ট, মোংলা, বাগেরহাট।


সূত্রঃ তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। বিভাগীয় কমিশনার, খুলনা।
২। পুলিশ কমিশনার, খুলনা।
৩। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৪। যুগ্ম শ্রম পরিচালক, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট।
৬। পুলিশ সুপার, বাগেরহাট।
৭। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।
৮। অফিসার ইনচার্জ, খালিশপুর, খুলনা/মোংলা, বাগেরহাট।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ, রেজিঃ নং খুলনা-১৯৫৭, মোংলা, বাগেরহাট।
১০। অফিস কপি।